


প্রেস বিজ্ঞপ্তি  
২০ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সকাল ১১.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার কাঠেরপুল বাজার ও ছোনগাছা বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ ছোনগাছা বাজারে রুকাইয়া ভাড়ারকে আলু, পিঁয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ৩,০০০/- টাকা, জাহাঙ্গীর মুরগি ঘরকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা এবং মারুফা মেডিক্যাল হলকে ফিজিশিয়ান স্যাম্পল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় করার অপরাধে ৫,০০০/- টাকা জরিমানা করেন। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়- বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পিঁয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। সিরাজগঞ্জ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক(উদ্যান) জনাব মো: এনামুল হক অভিযানে উপস্থিত ছিলেন। পুলিশ লাইন, সিরাজগঞ্জ ও সদর থানা পুলিশের একটি টোকস টিম এর সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।



20.09.2023

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮